

## শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি

### অভিনন্দন বার্তা

দেশব্যাপী সাম্প্রতিক বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুলের শিক্ষার্থী এবং সাধারণ জনতা অংশগ্রহণ করে। এ আন্দোলনে শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি'র শিক্ষার্থীরাও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে বৈষম্যবিরোধী আন্দোলনকে বেগবান করতে অগ্রণী ভূমিকা পালন করে। শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি পরিবারের পক্ষ থেকে আন্দোলনে অংশগ্রহণকারী সকল ছাত্র-জনতাকে আন্তরিক অভিনন্দন।

দেশের এই ক্রান্তিলগ্নে অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ, রোভার স্কাউটস্, গার্ল গাইডস্ ও প্রথম আলো বন্ধুসভা আন্দোলনের চূড়ান্ত বিজয়ের পরে ট্রাফিক শৃঙ্খলা কার্যক্রম নিয়ন্ত্রণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে যেভাবে আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করেছে তা অত্যন্ত প্রশংসনীয়।

একইসাথে আমাদের শিক্ষার্থীদের গ্রাফিতি, শহীদদের স্মৃতি স্মরণে দেয়াল লিখন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন পরবর্তী অরাজকতা, লুটপাট ও ডাকাতির সঙ্গে সংশ্লিষ্ট দুর্বৃত্তদের হাত থেকে সাধারণ মানুষকে নিরাপত্তা প্রদানে পালা করে দিন-রাত স্বেচ্ছা পাহারা দেয়া নিঃসন্দেহে প্রশংসার দাবী রাখে।

আন্দোলনে নিপীড়নের শিকার হয়ে শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি পেশার ছয়শতাধিক মানুষ শাহাদৎ বরণ করে। শান্ত-মারিয়াম শিক্ষা পরিবার ছাত্র-ছাত্রীদের সাথে সাথে সাধারণ জনগনের এই বীরত্ব গাঁথা ও নিঃস্বার্থ আত্মত্যাগ গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছে এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহীদ সকলের আত্মার মাগফিরাত কামনাসহ শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

ধন্যবাদসহ-

কর্তৃপক্ষ

শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি